# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৬৫) অস্বীকার কারীদের কুফরী কোনটি?

উত্তরঃ সত্য গোপন করা এবং প্রকাশ্যে সত্যের অনুসরণ না করাকে কুফরে জুহুদ অর্থাৎ অস্বীকারকারীদের কুফরী বলা হয়। অথচ তারা অন্তরে বিশ্বাস পোষণ করত যে রাসূলগণ সত্য এবং তাদের সাথে প্রেরিত দ্বীনও সত্য। যেমন ফেরাউন ও তার সম্প্রদায় মুসার সাথে কুফরী করেছিল এবং ইহুদীরা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর সাথে কুফরী করেছিল। আল্লাহ্ তাআলা ফেরাউন ও তার জাতির লোকদের কুফরী সম্পর্কে বলেনঃ

وَجَحَدُوا بِهَا وَاسْتَيْقَنَتْهَا أَنْفُسُهُمْ ظُلْمًا وَعُلُوًّا

“তারা অন্যায় ও উদ্ধতভাবে নিদর্শনগুলো প্রত্যাখ্যান করল। যদিও তাদের অন্তর এগুলোকে সত্য বলে গ্রহণ করেছিল”। (সূরা নামলঃ ১৪) আল্লাহ্ তাআলা ইহুদীদের ব্যাপারে বলেনঃ

فَلَمَّا جَاءَهُمْ مَا عَرَفُوا كَفَرُوا بِهِ

“অতঃপর যখন তাদের সেই পরিচিত কিতাব আসল, তখন তারা তাকে অস্বীকার করল”। (সূরা বাকারাঃ ৮৯) আল্লাহ্ তাআলা ইহুদীদের ব্যাপারে বলেনঃ

وَإِنَّ فَرِيقًا مِنْهُمْ لَيَكْتُمُونَ الْحَقَّ وَهُمْ يَعْلَمُونَ

“এবং নিশ্চয়ই তাদের একটি দল জানা সত্বেও সত্যকে গোপন করছে”। (সূরা বাকারাঃ ১৪৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11979

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন